| ক্রমিক নং | সেবা প্রদানকারী অফিসেরনাম | সেবার | দায়িত্বপ্রাপ্তকর্মকর্তা / কর্মচারী | সেবাপ্রদানপদ্ধতি (সংক্ষিপ্ত) | সেবাপ্রাপ্তির প্রয়োজনীয়সময় | প্রয়োজনী য়ফি/ট্যাক্স / আনুষঙ্গি কখরচ | সংশ্লিষ্টআইন /বিধি/নীতিমালা | নির্দিষ্টসেবাপেতে ব্যর্থহলেপরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ |
| ০১ | ১. উপজেলা শিক্ষা অফিস<br>২. জেলা প্রাথমিক শিক্ষা অফিস<br>৩. বিভাগীয়-উপপরিচালকের কার্যালয়<br>৪. প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | শিক্ষক বদলি | <u>ক্ষেত্রমতে :</u><br>১ .উপজেলা শিক্ষা অফিসার ( একই উপজেলার মধ্যে)<br>২ .জেলা প্রাথমিক শিক্ষা অফিসার(একই জেলার বিভিন্ন উপজেলার মধ্যে)<br>৩. বিভাগীয় উপ-পরিচারক (একই বিভাগের বিভিন্ন জেলার মধ্যে)<br>৪. মহাপরিচালক ( বিভিন্ন বিভাগের মধ্যে) | শিক্ষকবৃন্দ বদলির জন্য যে সকল ক্ষেত্রে আবেদন করেন: (১) একই উপজেলার/ থানার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে, (২) একই জেলার মধ্যে আন্ত: উপজেলার/ থানার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে, (৩) একই বিভাগের বিভিন্ন জেলার ভিন্ন ভিন্ন উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এবং (৪) ভিন্ন বিভাগেরসরকারি প্রাথমিক বিদ্যালয়ে। সে অনুযায়ী প্রত্যেক ক্ষেত্রে বদলির সুনির্দিষ্ট কারণ উল্লেখ করে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট প্রধান শিক্ষক এবং সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা শিক্ষা অফিসারের মাধ্যমে আবেদন উপজেলা শিক্ষা অফিসারের দপ্তরে দাখিল করতে হয়। শূন্যপদ থাকা এবং বদলির নীতিমালা পূরণ সাপেক্ষে একই উপজেলার মধ্যে উপজেলা শিক্ষা অফিসার, জেলার ভিন্ন উপজেলার মধ্যে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, একই বিভাগের ভিন্ন জেলার ভিন্ন উপজেলায় বিভাগীয় উপ-পরিচালক এবং ভিন্নবিভাগের ক্ষেত্রে মহাপরিচালক বদলির আদেশ জারি করেন। তবে বিভিন্ন পর্যায়ের শিক্ষক বদলির এ ক্ষমতা বিশেষ কারণে বা বিশেষ প্রজ্ঞাপন জারি করে পরিবর্তন করা হয় | ১. উপজেলার আনুমানিক মধ্যে ২-৩ দিন<br>২. জেলার মধ্যে আনুমানিক ৫-৭ দিন<br>৩. বিভাগের মধ্যে আনুমানিক ৮-১২ দিন<br>৪. এক বিভাগ হতে অন্য বিভাগে আনুমানিক ১৪-২০ দিন | বিনামূল্যে | Teacher Transfer Rule (Ammenmend)-2019<br>নীতিমালাটিপ্রাথমিকশিক্ষাতথিদপ্তর(www.dpe.gov.bd)এবংপ্রাথমিকওগণশিক্ষামন্ত্রণালয়েরওয়েবসাইটে (<u>www.mopme.gov.bd</u>) পাওয়াযাবে। | ১.উপজেলার ক্ষেত্রে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>২ .জেলার ক্ষেত্রে বিভাগীয় উপ-পরিচালক<br>৩ .বিভাগের ক্ষেত্রে মহাপরিচালক |
| ০২ | ১. উপজেলা শিক্ষা অফিস<br>২. জেলা প্রথমিক শিক্ষা | শিক্ষক দেরপেনশন | ১ .উপজেলা শিক্ষা অফিসার (ইউইও)<br>২ .জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সংশ্লিষ্ট শিক্ষককে প্রয়োজনীয় কাগজপত্র দাখিলের জন্য সাধারণত: ১ মাস পূর্বে উপজেলা/থানা শিক্ষা অফিস থেকেপত্র প্রেরণ করা হয়ে থাকে। দাখিলকৃত কাগজপত্রশিক্ষা অফিসের সংশ্লিষ্ট অফিস সহকারী যাচাই করে | আবেদনের পর থেকে আনুমানিক১৫-২৮ দিন | বিনামূল্যে | ১ .সরকারি কর্মচারী পেনশন নীতিমালা ১৯৭৪<br>২ .পেনশন | ১ .জেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>২. মহাপরিচালক |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | অফিস<br><br>৩. উপজেলা/ জেলা হিসাব রক্ষণ অফিস | | (ডিপিইও)<br><br>৩. উপজেলা/জেলা হিসাব রক্ষণ অফিসার | উচ্চমান সহকারীর নিকট উপস্থাপন করেন, উচ্চমান সহকারী উপজেলা শিক্ষা অফিসারের নিকট উপস্থাপন করেন।উপজেলা শিক্ষা অফিসার যাচাই করার পর স্বাক্ষর করে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে প্রেরণ করেন।জেলা প্রাথমিক শিক্ষা অফিসেএকইভাবে বিভিন্ন পর্যায়ে যাচাই হয়ে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার পেনশন মঞ্জুর করে সংশ্লিষ্ট উপজেলা/ জেলা হিসাবরক্ষণ অফিসে মঞ্জুরি পত্র প্রেরণ করেন এবং সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসসহ পেনশনারকেও কপি প্রদান করেন। পরবর্তীতে উপজেলা/জেলা হিসাবরক্ষণ অফিস হতে বিল পাশ করে ব্যাংকে প্রেরণ করে পেনশন নিষ্পত্তি করা হয়। | | | সহজিকরণ আইন, ১৯৮৫ | (ক্ষেত্র বিশেষে) |
| ০৩ | উপজেলা শিক্ষা অফিস | সকল শিশুর মাঝে বিনামূল্যে পাঠ্য বই বিতরণ | ১. উপজেলা শিক্ষা অফিসার<br><br>২. সহকারী উপজেলা শিক্ষা অফিসার | উপজেলাতে বই প্রাপ্তির পূর্বে উপজেলা বই বিতরণ কমিটির সভা করা হয়।তারপর উপজেলা/থানাতে সরাসরি প্রাপ্ত বই রেজিস্টারে এন্ট্রি দেয়াহয় এবংবিদ্যালয় থেকে প্রকৃত ছাত্র-ছাত্রী সংখ্যানুযায়ী প্রধান শিক্ষকদের দাখিলকৃত চাহিদা মোতাবেক বই বিতরণের একটি সূচি তৈরি করে নোটিশ বোর্ডে টাংগিয়ে দেয়া হয় এবং প্রধান শিক্ষকদের অবহিত করা হয়। নির্ধারিত সূচি অনুযায়ী প্রধান শিক্ষকদেরর নিকট বই বিতরণ করা হয়।প্রধান শিক্ষকগণ বিদ্যালয় ম্যানেজিং কমিটি (এসএমসি) ও অন্যান্যদের উপস্থিতিতে শিক্ষার্থীদের/ অভিভাবকদের নিকট শিক্ষা বৎসরের ১ম কর্মদিবসে বই বিতরণ করেন। | বই বিতরণের পুরো প্রক্রিয়াটি সাধারণত: ১২-১৫ দিনে শেষ হয়।<br><br>( ১৫-৩১ ডিসেম্বর এর মধ্যে বিদ্যালয়ে এবং শিক্ষা বৎসরের ১ম কর্মদিবসে শিশুদের মাঝে বিতরণকরতে হয়) | বিনামূল্যে | বই বিতরণ নীতিমালা মোতবেক<br><br>(প্রাথমিক বিদ্যালয়ের কারিকুলাম অনুসরণ করেপা ঠদান করা হয় এমন প্রতিটি বিদ্যালয়ের প্রতিটি শিশুকে (সকল শ্রেণির) সবগুলো নতুন বই সরবরাহ করা হয়।) | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ০৪ | ১. উপজেলা/থানা শিক্ষা অফিস<br><br>২. দায়িত্বপ্রাপ্ত | উপবৃত্তি প্রদান | ১.উপজেলা নির্বাহী অফিসার<br><br>২.উপজেলা শিক্ষা অফিসার<br><br>৩.সংশ্লিষ্ট ব্যাংক | প্রতি বছর মার্চ মাসে বিদ্যালয় ম্যানেজিং কমিটি (এসএমসি)-এর সভার মাধ্যমে ১ম শ্রেণির জন্য সুবিধাভোগী পরিবার নির্বাচন করা হয় এবং অভিভাকদের সাধারণ সভার মাধ্যমে তা অবহিত করা হয়। প্রতি বছর সমাপনী পরীক্ষার পর ৫ম শ্রেণির | বরাদ্দপত্রেউল্লিখিতসময়েরমধ্যে, সাধারণতপ্রতি ৪র্থ মাসের প্রথম ১০ দিনের | বিনামূল্যে | প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্পের নির্ধারিত নীতিমালা । অর্থাৎ প্রতি | ১.উপজেলা নির্বাহী অফিসার<br><br>২.উপজেলা শিক্ষা |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ব্যাংক<br>৩. প্রাথমিক বিদ্যালয় | | কর্তৃপক্ষ<br>৪. সংশ্লিষ্ট প্রধান শিক্ষক<br>৫. বিদ্যালয় ম্যানেজিং কমিটি (এসএমসি) | সুবিধাভোগী শিশুর অভিভাবক উপবৃত্তির সুবিধাভোগির তালিকা থেকে বাদ যায় এবং ১ম শ্রেণির অভিভাবকগণ অন্তর্ভুক্ত হয়। সুবিধাভোগী ছাত্র-ছাত্রীদের ৮৫% উপস্থিতি এবং পরীক্ষায় পাশ নম্বর পাওয়ার উপর ভিত্তি করে শিক্ষকগণ নির্ধারিত ফরমেটে প্রত্যেক উপযুক্ত সুবিধাভোগী ছাত্রছাত্রীর নামে চাহিদা - প্রণয়ন করে এসএমসি'র সভাপতির স্বাক্ষরসহ উপজেলা শিক্ষা অফিসে দাখিল করেন। উপজেলা শিক্ষা অফিসে বিল প্রস্তুত করে উপজেলা নির্বাহী অফিসারের স্বাক্ষর গ্রহণ করে উপবৃত্তি প্রদানকারী ব্যাংকে প্রেরণ করা হয়। ব্যাংক ম্যানেজার উপজেলা শিক্ষা অফিসারের সাথে পরামর্শ করে উপবৃত্তি বিতরণের সূচি নির্ধারণ করেন এবং শিক্ষকদের মাধ্যমে অভিভাবকদের অবহিত করা হয়। পরে ৩/৪ টি বিদ্যালয়ের সুবিধাভোগী অভিভাবকদের ( ছাত্র-ছাত্রীর মা ) উপস্থিতিতে ব্যাংকের প্রতিনিধি প্রাপ্তি স্বীকার নিয়ে রোলের মাধ্যমে উপবৃত্তির টাকা বিতরণ করা হয়। | মধ্যে | | মাসে এক সন্তানের জন্য ১০০ টাকা এবং একাধিক সন্তানের জন্য ১২৫ টাকা হারে অভিভাবককে দেয়া হয়। | অফিসার |
| ০৫ | ১. উপজেলা শিক্ষা অফিস<br>২. উপজেলা/ জেলা হিসাব রক্ষণ অফিস | শিক্ষক দের বেতন | ১. উপজেলা শিক্ষা অফিসার<br>২.উপজেলা হিসাব রক্ষণ অফিসার | প্রতি মাসের ১১ তারিখে সমন্বয় সভায় প্রধান শিক্ষকগণ নির্ধারিত ছকে সকল শিক্ষকের হাজিরা বিবরণী সহকারী উপজেলা শিক্ষা অফিসারের মাধ্যমে উপজেলা শিক্ষা অফিসারের নিকট দাখিল করেন এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসার সংশ্লিষ্ট মাসে যে সকল শিক্ষক বেতন প্রাপ্ত হন তাঁদের ব্যাপারে একটি প্রতিবেদন দাখিল করেন । উপজেলা শিক্ষা অফিসার যাচাই করে বেতন প্রস্তুতের জন্য সংশ্লিষ্ট অফিস সহকারীকে নির্দেশনা দেন । বিল প্রস্তুতের পর উপজেলা শিক্ষা অফিসার স্বাক্ষর করেন এবং বিলটি ট্রেজারি ব্যাংকে প্রেরণ করেন। ব্যাংক এনড্রোর্স করে উপজেলা হিসাব রক্ষণ অফিসে প্রেরণ করে । হিসাব রক্ষণ অফিসার বিল পাশ করার পর | ৮-১২ দিন | বিনামূল্যে | বিনা অনুমতিতে অনুপস্থিত না থাকলে প্রতিমাসে স্বাভাবিকভাবে বেতন প্রাপ্য হন | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | এ্যাডভাইস দিয়ে পুনরায় ব্যাংকে প্রেরণ করেন । ব্যাংক কর্তৃপক্ষ শিক্ষকদের নির্ধারিত হিসাব নম্বরে বেতন-ভাতাদির টাকা জমা করে । | | | | |
| ০৬ | ১. উপজেলা শিক্ষা অফিস<br><br>২. উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি) | বিদ্যালয়ভবন নির্মাণ | ১. উপজেলা শিক্ষা অফিসার<br><br>২ .উপজেলা প্রকৌশলী (এলজিইডি) | বাস্তবতার নিরিখে প্রয়োজনীয় চাহিদা অথবা বিদ্যালয়ের কমিটির আবেদনের প্রেক্ষিতে বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ/সম্প্রসারণ এর জন্য উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা প্রকৌশলী অগ্রাধিকার তালিকা প্রস্তুতকরে এবং উপজেলা শিক্ষা কমিটিতে উপস্থাপন করা হয়। শিক্ষা কমিটির অনুমোদনের পর উপজেলা প্রকৌশলীর প্রাক্কলন সহ প্রস্তাব প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/প্রধান কার্যালয় এলজিইডিতে প্রেরণ করা হয়। বিদ্যালয়ের নামে অর্থ বরাদ্দ হলে উপজেলা প্রকৌশলী নির্ধারিত নিয়মে টেন্ডারের কার্যক্রম সম্পন্ন করে ঠিকাদারের মাধ্যমে বিদ্যালয় ভবন নির্মাণ কার্যক্রম সম্পন্ন করে থাকেন। | সাধারণত ৬-১২মাস<br><br>(কাজের ধরন এবং কার্যাদেশের শর্তানুযায়ী সময় নির্ধারণ করা হয়) | বিনামূল্যে | নির্দিষ্ট কোন আইন নাই<br><br>তবে ছাত্র-ছাত্রীর তুলনায় বিদ্যালয়ের কক্ষের স্বল্পতা থাকলে বা বিদ্যালয় ভবন জরাজীর্ণ হয়ে পড়লে মাঠ সার্ভের মাধ্যমে অধিদপ্তরে নির্ধারিত ছকে তথ্য প্রেরণ করা হয়। অত:পর কর্তৃপক্ষের সিদ্ধান্তের পর এলজিইডি কর্তৃক বাস্তবায়িত হয় | ১. উপজেলা শিক্ষা অফিসার<br><br>২. উপজেলা প্রকৌশলী (এলজিইডি)<br><br>৩. উপজেলা নির্বাহী অফিসার<br><br>৪. নির্বাহী প্রকৌশলী (এলজিইডি) |
| ০৭ | ১. উপজেলা শিক্ষা অফিস<br><br>২. উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি) | ক্ষুদ্র-মেরামতওসংস্কার | ১. উপজেলা শিক্ষা অফিসার<br><br>২ .উপজেলা প্রকৌশলী (এলজিইডি)<br><br>৩. বিদ্যালয় ম্যানেজমেন্ট কমিটি | বিদ্যালয়ের ভবন জরাজীর্ণ হলে মেরামত/ সংস্কারের জন্য সরকারি নির্দেশনা /বিদ্যালয়ের কমিটি উপজেলা শিক্ষা অফিসে আবেদন করে। উপজেলা শিক্ষা অফিসার এসএমসির আবেদনগুলো/ মাঠ সার্ভের মাধ্যমে প্রাপ্ত তালিকা শিক্ষা কমিটিতে উপস্থাপন করেন। শিক্ষা কমিটির সুপারিশের পর উপজেলা প্রকৌশলীর প্রাক্কলনসহ প্রস্তাব প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে/এলজিইডিতে প্রেরণ করা হয়। বিদ্যালয়ের নামে অর্থ বরাদ্দ হলে উপজেলা প্রকৌশলী নির্ধারিত নিয়মে টেন্ডারের কার্যক্রম সম্পন্ন করে ঠিকাদারের মাধ্যমে মেরামত করে | বরাদ্দ পত্রের শর্তানুযায়ী ,<br><br>ক্ষেতেমতে<br><br>১৫-৩০ দিন | বিনামূল্যে | সুনির্দিষ্ট কোন আইন নাই।<br><br>(প্রয়োজনের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আবেদন ও সরকারের অনুমোদনের প্রেক্ষিতে কার্যক্রম গ্রহণ করা হয়) | ১. উপজেলা শিক্ষা অফিসার<br><br>২. উপজেলা প্রকৌশলী (এলজিইডি)<br><br>৩. উপজেলা নির্বাহী অফিসার<br><br>৪. নির্বাহী প্রকৌশলী |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | থাকেন। বরাদ্দ ২ লাখ টাকার কম হলে বিদ্যালয় ম্যানেজিং কমিটি সভা করে নিজেদের মাধ্যমে সংস্কার কার্যক্রম বাস্তবায়ন করে থাকেন। | | | | (এলজিইডি) |
| ০৮ | উপজেলা শিক্ষা অফিস | বিদ্যালয়ের বিদ্যুৎ বিল/ ভূমি উন্নয়ন কর প্রদান | উপজেলা শিক্ষা অফিসার | বিদ্যালয়ের বিদ্যুৎ বিলের কপি উপজেলা শিক্ষা অফিসে প্রধান শিক্ষক দাখিল করেন। বরাদ্দ সাপেক্ষে উপজেলা শিক্ষা অফিসার বিল প্রস্তুত করে উপজেলা হিসাব রক্ষণ অফিসের মাধ্যমে বিল পাশ করে বিদ্যালয়ের হিসাব নম্বরে টাকা জমা হয়। প্রধান শিক্ষক টাকা উত্তোলন করে বিল পরিশোধ করেন। অন্যদিকে বিদ্যালয়ের ভূমি উন্নয়ন করের ব্যাপারে উপজেলা ভূমি অফিস হতে বিদ্যালয় ভিত্তিক করের পরিমাণ জানানো হয়। সে মোতাবেক বরাদ্দ সাপেক্ষে এসি ল্যান্ডের নামে বিল করা হয় এবং উপজেলা হিসাব রক্ষণ অফিসের মাধ্যমে বিল পাশ হয়ে পরিশোধ হয় | ১-২ দিন | বিনামূল্যে | বিদ্যুৎ বিলের ক্ষেত্রে কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে বিদ্যুৎ সংযোগ নিতে হয় আর ভূমি উন্নয়ন করের ক্ষেত্রে সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে হবে | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ০৯ | ১. উপজেলা শিক্ষা অফিসার<br>২. উপজেলা হিসাব রক্ষণ অফিসার | শিক্ষকদের জিপিএফ লোন | ১. উপজেলা শিক্ষা অফিসার<br>২. উপজেলা হিসাব রক্ষণ অফিসার<br>(কিস্তি এবং লোনের পরিমাণের উপর ভিত্তি করে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বিভাগীয় উপ-পরিচালক) | উপজেলা হিসাব রক্ষণ অফিস হতে এ্যাকাউন্টস স্লিপসহ লোনের কারণ উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদন সহকারী উপজেলা শিক্ষা অফিসারের মাধ্যমে উপজেলা শিক্ষা অফিসারের নিকট দাখিল করতে হয়। উপজেলা শিক্ষা অফিসার প্রয়োজনীয় নির্দেশনা দিয়ে সংশ্লিষ্ট অফিস সহকারীর নিকট প্রেরণ করেন। অফিস সহকারী বিল প্রস্তুত করে দাখিল করলে উপজেলা শিক্ষা অফিসারের স্বাক্ষরের পর উপজেলা হিসাব রক্ষণ অফিসে প্রেরণ করা হয়। উপজেলা হিসাব রক্ষণ অফিসে বিল পাশ হলে ব্যাংকে গিয়ে শিক্ষক টাকা উত্তোলন করেন। ১ম লোনের ক্ষেত্রে উপরের নিয়ম অনুসৃত হয়। ২য় লোন বা বয়স ৫২ বছর হলে অফেরত যোগ্য লোনের ক্ষেত্রে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং ৩য় লোনের ক্ষেত্রে বা লোনের কিস্তি বেশি হলে বিভাগীয় উপ-পরিচালকের নিকট থেকে অনুমোদন নিয়ে উপজেলা শিক্ষা | আবেদনের পর ক্ষেত্রমতে ১-৭ দিন | বিনামূল্যে | জিপিএফ বিধিমালা , ১৯৭৯ | ১. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>২. বিভাগীয় উপ-পরিচালক<br>৩. মহাপরিচালক<br>(যে কর্তৃপক্ষ লোন মঞ্জুর করবেন তার পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষ) |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | অফিসের মাধ্যমে বিল করে হিসাব রক্ষণ অফিসে বিল পাশ করতে হয়। | | | | |
| ১০ | উপজেলা শিক্ষা অফিসএবং জেলা প্রাথমিক শিক্ষা অফিস | উচ্চতর পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি | ১. উপজেলা শিক্ষা অফিসার<br>২ .জেলা প্রাথমিক শিক্ষ অফিসার | কর্মরত কোন শিক্ষক উচ্চত্তর ডিগ্রী অর্জনের নিমিত্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বরাবর আবেদন করে উপজেলা শিক্ষা অফিসে আবেদন দাখিল করেন। আবেদনের সাথে ভর্তির অনুমতি পত্র, প্রবেশপত্র, পরীক্ষার রুটিন, শিক্ষাগত যোগ্যতার সনদ ইত্যাদি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উপজেলা শিক্ষা অফিসে দাখিল করতে হয় । সবকিছু যথাযথ থাকলে উপজেলা শিক্ষা অফিসার অনুমতির জন্য জেলা প্রাথমিক শিক্ষা অফিসে প্রেরণ করেন । জেলা প্রাথমিক শিক্ষা অফিসার যথাযথ মনে করলে অনুমতিপত্র জারি করেন। | আবেদনের পর সাধারণত:৩ -৫ দিন | বিনামূল্যে | সাধারণত: চাকুরির বয়স কমপক্ষে ২ বছর হলে এবং বিদ্যালয়ে শিক্ষক স্বলপ্তা না থাকলে অথবা প্রশাসনিক কোন বিষয়াদি না থাকলে অনুমতি দেয়া হয় | ১. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>২. মহাপরিচালক |
| ১১ | ১. উপজেলা শিক্ষা অফিস<br>২. প্রাথমিক বিদ্যালয় | প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা | ১. উপজেলা শিক্ষা অফিসার<br>২. সহকারী উপজেলা শিক্ষা অফিসার<br>২. প্রধান শিক্ষক, প্রাথমিক বিদ্যালয় | এপ্রিল মাসে উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৫ম শ্রেণির শিক্ষার্থীর তালিকা সংগ্রহ করে ডিআর (ডসেক্রেপেটিভ রোল) প্রস্তুত করা হয়। উক্ত ডিআর এবং কেন্দ্র ভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে (প্রাশিঅ) প্রেরণ করা হয়। উপজেলা শিক্ষা কমিটি ইউনিয়ন ভিত্তিক পরীক্ষা কেন্দ্র নির্বাচন করে জেলা প্রশাসকের মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের অনুমোদন নিতে হয় । নেপ (ন্যাশনাল একাডেমি ফর প্রাইমারি এডুকশেন) কর্তৃক প্রশ্নপত্র তৈরি করে প্রাথমিক শিক্ষা অধদিপ্তররের মাধ্যমে প্রথমে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হয়।পরবর্তীতে জেলা প্রশাসক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের মাধ্যমে উপজেলাতে প্রেরণকৃত প্রশ্ন পত্র নিরাপদ হেফাজতে (জেলা প্রশাসকের অফিসে, থানায় অথবা ব্যাংকে) রাখা হয় এবংনির্ধারিত দিনে প্রশ্নপত্র একজন কর্মকর্তার মাধ্যমে কেন্দ্রে পাঠানো হয়।পরীক্ষা শেষে প্রতিটি কেন্দ্র থেকে উত্তরপত্র সমূহ উপজেলা | সাধারনত : নভেম্বর মাসের৩য় সপ্তাহ থেকে পরীক্ষা আরম্ভ হয় এবং জানুয়ারি মাসের ১ম সপ্তাহে মার্কশিট অভিভাবকের হাতে পৌছে | বর্তমানে পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রত্যেক শিক্ষার্থীকে ৪০ টাকা করে ফি দিতে হয় | প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা, ২০১৩<br>এবং<br>অধিদপ্তর/ মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারি কৃত আদেশ পরিপত্র অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হয় | উপজেলা শিক্ষা অফিসার<br>ক্ষেত্র বিশেষে উপজেলা নির্বাহী অফিসার/ মহাপরিচালক |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | শিক্ষা অফিসে আনা হয়। উপজেলা শিক্ষা অফিস উত্তরপত্রসমূহ কোডিং করে জেলা প্রাথমিক শিক্ষা অফিসেপ্রেরণ করে। জেলা প্রাথমিক শিক্ষা অফিস অন্য উপজেলার শিক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়ন করার পর উপজেলা/থানা শিক্ষা অফিসের মাধ্যমে একীভূত করে ফলাফল প্রাশিঅ-এ প্রেরণ করেন। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সাধারণত: ২৫ ডিসেম্ভরের মধ্যে ফলাফল প্রকাশ করে থাকে। | | | | |
| ১২ | ১. উপজেলা শিক্ষা অফিস<br><br>২. জেলা প্রাথমিক শিক্ষা অফিস<br><br>৩. পিটিআই<br><br>৪. বিভাগীয় উপ-পরিচালকের কার্যালয়<br><br>৫. প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | বিভিন্ন প্রশিক্ষণের অনুমতি প্রদান (সি-ইন-এড, বিএড, এমএড ) | ১. উপজেলা শিক্ষা অফিসার<br><br>২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br><br>৩. পিটিআই সুপার<br><br>৪. বিভাগীয় উপ-পরিচালক<br><br>৫. মহাপরিচালক | দেশের সরকারি পিটিআই গুলোতে বছরে ২বার সি-ইন-এড (সার্টিফিকেট ইন এডুকেশন) প্রশিক্ষণের জন্য শিক্ষকদের ভর্তি করা হয়। শিক্ষা বছর হলো জুলাই-জুন এবং জানুয়ারি-ডিসেম্বর। প্রশিক্ষণবিহীন শিক্ষক সংখ্যা অনুযায়ী উপজেলাভিত্তিক প্রশিক্ষণার্থীর কোটা নির্ধারণ করে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার উপজেলা শিক্ষা অফিসারদের পত্র দেন। উপজেলা শিক্ষা অফিসার প্রশিক্ষণবিহীন শিক্ষকদের জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রশিক্ষণে প্রেরণের জন্য শিক্ষকদের পত্র দেন। পিটিআই গুলোতে ১বছর মেয়াদি সি-ইন-এড কোর্স শেষ করলে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) এর মাধ্যমে উত্তীর্ণদের সার্টিফিকেট প্রদান করা হয়। একইভাবে বিএড, এমএড প্রশিক্ষণের জন্য শিক্ষকগণ বছরের নির্ধারিত সময়ে নির্ধারিত ফরমে মহাপরিচালক বরারবর আবেদন করে উপজেলা/ থানা শিক্ষা অফিসে দাখিল করেন। উপজেলা শিক্ষা অফিসার আবেদনগুলো জেলা ও বিভাগীয় অফিসের মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করেন। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে নির্বাচিতদের নামের তালিকা উপজেলা শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করা হয়। উপজেলা শিক্ষা অফিসারের নিকট | ৫-১০ দিন | সি-ইন-এড কোর্স: ৯০০/- থেকে ৯৫০/- টাকা-/<br><br>বিএড/ এমএড কোর্স: প্রতিষ্ঠানের নির্ধারিত হারে | ১. সি-ইন-এড প্রশিক্ষণ: প্রশিক্ষণ বিহীন শিক্ষকদের জ্যেষ্ঠতার ভিত্তিতে<br><br>২. এমএড/বিএড/ অন্যান্য প্রশিক্ষণ: এমএড/বিএড/ অন্যান্য কোর্সের ক্ষেত্রে চাকুরির বয়স ৫ বছর হতে হয়।<br><br>তাছাড়া, আবেদনকারী শিক্ষককে উক্ত কোর্সে ভর্তির অনুমতি প্রদান করা হলে বিদ্যালয়ের সুষ্ঠু পাঠদানের ব্যাঘাত ঘটবে কিনা তার প্রতি গুরুত্ব দেয়া হয় | ১. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br><br>২. মহাপরিচালক |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | থেকে অনুমতির কপি সংগ্রহ করে শিক্ষকগণ নির্ধারিত বিএড/এমএড প্রশিক্ষণ কেন্দ্রে ভর্তি হন। | | | | |
| ১৩ | উপজেলা শিক্ষা অফিস | প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন | ১ .উপজেলা শিক্ষা অফিসার (ইউইও)<br>২ .সহকারী উপজেলা শিক্ষা অফিসার(এইউইও) | সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশে/ অনুমোদন সাপেক্ষে প্রস্তুতকৃত পরিদর্শন সূচি মোতাবেক বিদ্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনের কার্যক্রমটি কখনো আকস্মিক আবার কখনো পূর্বে অবহিত করে করা হয়। প্রতিমাসে ইউইও ৫টি এবং এইউইওগণ ১০ টি করে প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করেন এবং বিদ্যালয়সহ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করেন। | পুরো কার্যক্রম শেষ হতে সাধারণত: ১২-১৬ দিন লাগে, তবে পরিদর্শন করে রিপোর্ট দেয়া পর্যন্ত ১-৩ দিন | বিনামূল্যে | বিদ্যালয় পরিদর্শন নির্দেশনা মোতাবেক | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার |